# বার্ষিক প্রতিবেদন- ২০১২-২০১৩




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
এইচডিপিএস
হিউম্যান ডেভেলপমেন্ট ফর পুওর সোসাইটি
সাটুরিয়া,মানিকগঞ্জ।

# হিউম্যান ডেভেলপমেন্ট ফর পুওর সোসাইটি(এইচডিপিএস)

# Human Development for Poor Society (HDPS)

গ্রাম:পূর্ব কাউন্নারা ,ডাকঘর:সাটুরিয়া, উপজেলা: সাটুরিয়া, জেলা:মানিকগঞ্জ, বাংলাদেশ

ফোনঃ +88027725315, মোবাইল: +88 01715661844

সহযোগীতায়ঃ  এইচডিপিএস টিমপ্রকাশনায়ঃ হিউম্যান ডেভেলপমেন্ট ফর পুওর সোসাইটি (এইচডিপিএস)

## নিবন্ধন নম্বরঃ

মা-০৩৮২ তারিখঃ ১০.০৯.২০০২ ইং  সমাজ সেবা অধিদপ্তর।

এনজিও বিষয়ক ব্যুরো রেজিনং ৩১৯৭ তাং ০৮/০৪/২০১৯

মানিক ১১৬/সাটু ১০ তারিখঃ ১৯.১০.২০১১ ইং   যুব উন্নয়ন অধিদপ্তর

হিউম্যান ডেভেলপমেন্ট ফর পূওর সোসাইটি(এইচডিপিএস)

Human Development for Poor Society (HDPS)

গ্রাম:পূর্ব কাউন্নারা ,ডাকঘর:সাটুরিয়া, উপজেলা: সাটুরিয়া, জেলা:মানিকগঞ্জ, বাংলাদেশ

ফোনঃ +৮৮০২৭৭২৫৩১৫, মোবাইল: +৮৮ ০১৭১৫৬৬১৮৪৪



**সম্পাদকের কথা**

"হিউম্যান ডেভেলপমেন্ট ফর পুওর সোসাইটি"(এইচডিপিএস) এর বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হলো, প্রতি বছর বাষিক প্রতিবেদন প্রকাশিত হলেও সংস্থার সকল কার্যক্রম বাস্তবায়নের তথ্য পরিপূর্ন ভাবে প্রকাশ করা সম্ভব হয়নি কিন্তু এবার সকল কার্যক্রমের সকল তথ্য, সংস্থার অগগতি, মাঠ পর্যয়ের কার্যক্রমের ফলাফল, বিভিন্ন কার্যক্রমে জনগনের আত্ম-নির্ভর অংশগ্রহন ইত্যাদি তুলে ধরার চেষ্টা করা হয়েছে ।
মূলতঃ এইচডিপিএস একটি বেসরকারী সমাজ উন্নয়ন সংস্থা দীর্ঘ দিন যাবৎ মানিকগঞ্জ জেলার সাটুরিয় উপজেলায় দরিদ্র ও হত দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে বিভিন্ন প্রকল্প ভিত্তিক কার্যক্রম পরিচালনা করে চলছে, এক্ষেত্রে গ্রাম পর্যায়ের সকল কার্যক্রম সরাসরি সম্পাদন করছে গ্রামেরই জনগোষ্ঠি। যারা এক সময় সকল দিক থেকে পিছিয়ে থেকেছে, তারাই মূলতঃ তাদের গ্রামের সকল কার্যক্রমে সরাসরি অংশগ্রহন করে নিজেদেরকে পিছিয়ে থাকার অবস্থান থেকে অগ্রসর জনগোষ্ঠিতে প্রতিষ্ঠিত করতে স্বক্ষম হয়েছে। এক্ষেত্রে তারা গঠন করেছে স্বক্রিয় আত্মনির্ভর পুরম্নষ ও মহিলা সমিতি। এই সমিতির সদস্য/ সদস্যাগন একদিকে যেমন তাদের নেতাদের একতাবদ্ধ করতে পেরেছে, তেমনি তাদের উন্নয়ন কার্যক্রমে গ্রামের সুশীল সমাজকে অন্তর্ভুক্ত করতে সক্ষাম হয়েছে।

এক্ষেত্রে এইচডিপিএস গ্রামের জনগোষ্ঠীর সকল ধরনের সামর্থ ও দক্ষতা বৃদ্ধিতে এবং আথ- সামাজিক উন্নয়নে প্রতিনিয়ত নিম্ন লিখিত কার্য ক্রমগুলি যত্নের সংগে মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে চলছে। যে গুলি হচ্ছে-

- **পুরম্নষ ও মহিলা সমিতিতে ইসুভিত্তিক আলোচনা সভা**
- **বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন**
- **আত্মনির্ভর সংগঠক হিসাবে দক্ষতা ও টিকে থাকার সক্ষমতা বৃদ্ধির কৌশল অনুশীলন**
- **প্রয়োজনীয় কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান।**
- **দরিদ্র পরিবারের আর্থিক সামর্থ বৃদ্ধিতে চাহিদা ভিত্তিক কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান।**

আসলে বিষয় গুলি বলতে গেলে যেমন সহজে বলা যায়, করাটা তত সহজ নয়, হরেক রকম বাধা বিপত্তি রয়েছে প্রতিটি উন্নয়ন কাজের আনাচে কানাচে। কত চিন্তা ভাবনার মানুষকে নিয়ে এই সমাজ। অনেক মত, অনেক পথ, দর্শন, ভাব, আচার ব্যবহার ধর্ম-বর্ণ, গোষ্ঠী, শ্রেণী সকলকে সমন্বয় করেই চলছে এই সব কার্যক্রম। এর পরেও সত্য যে, গ্রামের অসংখ্য মানুষ তাদের উন্নয়নের স্বপ্নটি দেখছে প্রতিদিন প্রতিনিয়ত, কাজ করছে নিজেদের উন্নয়নে, আর এইচডিপিএস ওদের পাশে রয়েছে সহায়কের ভূমিকা নিয়ে।
২০২৩ সালে এইচডিপিএস ২২ বছর বয়সে এসে দাঁড়িয়েছে।

কিন্তু ২২ বছরের কার্যক্রমকে এই প্রতিবেদনে স্থান দেয়া গুরুত্বপূর্ন হলেও যতটা সম্ভব ২০২২-২০২৩ বছরের কার্যক্রমর বিস্থারিত ইতিহাস এই প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

প্রতিবেদন টি প্রনয়নে সকল কর্মী, সংস্থার পরিচালনা পরিষদের সদস্য/সদস্যা, বিভিন্ন সময় কার্যক্রম পরিচালনার জন্য অর্থায়নকারী প্রতিষ্ঠান এবং বিশেষ করে কর্ম এলাকার উপকার ভোগীদের বিভিন্ন তথ্য, পরামর্শ, সরাসরি সহযোগীতা দিয়েছেন, যে কারনে তাদের ধন্যবাদ জানাই।


প্রতিবেদনটি প্রনয়নের সময় চেষ্টা করেছি নির্ভূল রাখতে, তবুও কিছু ভুল থেকেই যাবে, এর জন্য ড়্গামা প্রার্থনা করছি। সকলের মতামত আগামীতে প্রতিবেদন প্রনয়নে সহায়তা করবে বলে আমি দৃঢ় ভাবে বিশ্বাস রাখছি ও সকলের মতামত প্রার্থনা করছি ও সকলের দোয়া প্রার্থনা করে শেষ করছি।

সম্পাদনায়ঃ মোঃ আব্দুল বাছেদ
নির্বাহী পরিচালক, এইচডিপিএস
পূর্ব কাউন্নারা ,সাটুরিয়া, মানিকগঞ্জ
বাংলাদেশ
মোবাইল: +৮৮০১৭১৫-৬৬১৮৪৪

## ভূমিকাঃ

**হিউম্যান ডেভেলপমেন্ট ফর পুওর সোসাইটি (এইচডিপিএস)** সাটুরিয়া উপজেলায় প্রথম কার্যক্রম শুরম্ন করে ২০.৩.২০০১ সালে। এলাকার কিছু যুবক সমাজ উন্নয়নের লড়্যো কর্যক্রম শুরম্ন করে। তখন থেকে ২০২৩ সাল পর্যন্ত্ম দীর্ঘ ২২ বছর কর্মএলাকার অনেক নারী পুরম্নষের আর্থ সামাজিক সংস্কৃতিক ও স্বাস্থ্য উন্নয়নে কর্মসূচি বাস্ত্মবায়নে স্থানীয় দাতাদের আর্থিক ও কারিগরি সহায়তায় এবং এলাকার কৃতি সন্ত্মানদের সময়াচিত কার্যক্রম পরিচালনার নির্দেশনা, সহায়তা, সহযোগীতা এবং অবিভাবকত্ব এবং তৃনমূল পর্যায়ের অসংখ্য দক্ষ মানব সম্পদের সহায়তায় বিভিন্ন প্রকল্প ভিত্তিক কার্যক্রম পরিচালনা করে চলছে। মূলতঃ তাদের আত্ম-নির্ভর প্রচেষ্ঠায় এইচডিপিএস-এর কর্মএলাকার জনগোষ্ঠী তাদের ভাগ্য পরিবর্তন করতে পেরেছে। প্রকৃত অর্থে যে উন্নয়ন চোখে দেখর মতো উন্নয়ন বলা যায় এবং যা বর্তমানেও সংস্থা পরিচালনা করছে। সংস্থা উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে গিয়ে যেমন সফলতার মুখ দেখেছে তেমনি ব্যর্থতারও মুখো মুখি হতে হয়েছে। সংস্থাকে দীর্ঘ সময় অনেক চড়াই উৎরাই পাড়ি দিয়ে আজকের অবস্থানে এসে দাঁড়াতে হয়েছে। আর যার সকল চালচিত্র উলেস্নখিত বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা সম্ভব না হলেও ২০২২-২০২৩ আর্থিক বছরের চালচিত্র তুলে ধরা হয়েছে, যা সকল বছরের ধারাবাহিক কার্যক্রমকে প্রতিনিধিত্ব করবে, সংস্থার অর্জন, অগ্রগতির চালচিত্র যেমন জানা যাবে, তেমনি অনেক মৌলিক তথ্য, না জানা বিষয় জানা যাবে।

মূলতঃ ২০২২-২০২৩আর্থিক বছরে এইচডিপিএস ২২বছর বয়সে এসে দাঁড়িয়েছে। এই দীর্ঘ সময়কে যদি এক নজরে দেখা যায় তবে দেখা যাবে সংস্থা ইতিমধ্যে গ্রামের উন্নয়নে নতুন একটি ধারনাকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে, যা কর্ম এলাকার জনগোষ্ঠী ও কর্মীরা যৌথ ভাবে প্রণয়ন করেছেন। যার রূপরেখা নিম্নরূপ-



## ২০২২-২০২৩ ইং অর্থ বছরে বাস্তবায়নকৃত প্রকল্প

ক. গ্রাম পর্যায়ে পুরুষ ও মহিলা সমিতি গঠন এবং উদ্বুদ্ধকরন কার্যক্রম

খ. উপ-আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রম

গ. স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম

ঘ. সেমিনার, ওয়ার্কশপ, প্রশিক্ষণ কার্যক্রম

## কার্যক্রমের বিবরন

## গ্রাম পর্যায়ে উদ্বুদ্ধকরন কার্যক্রম

গ্রাম পর্যায়ে বিভিন্ন বিষয়ে যেমন- স্বাস্থ্য , শিক্ষা, মানবাধিকার, কৃষি ও বৃক্ষ রোপন, গবাদী পশু পাখী পালন, মৎস চাষ, পরিবেশ, পানি ও পয়ঃনিস্কাষণ উন্নয়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্ম এলাকায় জনগোষ্ঠীর সমন্বয়ে সংস্থা বিভিন ইস্যুতে সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করে চলছে। আর এই সচেতনাতা বৃদ্ধিতে সংস্থা নেতা



নেত্রীদের প্রশিক্ষন ওরিয়েন্টেশান, দলীয় সভা, সেমিনার, ওয়ার্কশপ কার্যক্রম সমিতি গুলিতে পরিচালনা করে চলছে। ২০২২-২০২৩ আর্থিক বছরে যে কার্যক্রম গুলি পরিচালনা করা হয়েছে, তা নিম্নরূপ-

**(গ্রাম পর্যায়ে স্বাস্থ্য ও পপ সচেতনতা বৃদ্ধি বিষয়ক সভা)** **(বৃক্ষরোপন বিষয়ক ওয়ার্কশপ ও ফলের চারা বিতরন কার্যক্রম)**

টেবিল-০১ঃ বাস্তব বায়নকৃত কার্যক্রমের বিবরণ

| ক্রমিক | কার্যক্রমের বিবরণ | টার্গেট | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | পুরুষ দল গঠন | ১২ টি | ১২ টি | সংগঠিত সদস্য সংখ্যা ১২৬ জন |
| ২ | মহিলা দল গঠন | ২০ টি | ১৮ টি | সংগঠিত সদস্য সংখ্যা ১৬৮ জন |
| ৩ | ইস্যু ভিত্তিক মহিলা ও পুরুষ দলীয় সভা | ৩৬০ টি | ৩৪৮ টি | স্বাস্থ্য ও পপ, শিক্ষা, পরিবেশ ও যৌতুক, বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | স্বাস্থ্য ও পপ বিষয়ক সেমিনার | ৩ টি | ৩ টি | ৯০ জন নারী ও পুরন্নষ সেমিনারে অংশগ্রহন করেছে। |
| ৫ | পরিবেশ ও বনায়ন বিষয়ক ওয়ার্কশপ | ২টি | ২ টি | ৪৩ জন নারী ও পুরন্নষ ৗার্কশপে অংশগ্রহন করেছে। |
| - | **মোট** | **৩৯৭ টি** | **৩৮৩ টি** | **টার্গেট-এর ৯৬.৪৭% অর্জন হয়েছে।** |

## স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম

এইচডিপিএস-এর প্রকল্প ভিত্তিক র্কাক্রমের মধ্যে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান কার্যক্রম একটি অন্যতম কার্যক্রম। রোগ ব্যাধি হ্রাসের লক্ষ্যে সংস্থা বিষয়টিকে অধিক গুরন্নত্বপূর্ন বিবেচনা করে জনগোষ্ঠীর আর্থিক সহায়তায় সমিতিতে স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করে চলছে। ২০২২-২০২৩ আর্থিক বছরে এইচডিপিএস স্থানীয় চিকিৎসদের সহায়তায় দরিদ্র ও হতদরিদ্র পরিবারের নারী ও পুরন্নষদের বিনামূল্যে ঔষধ প্রদান সহ সাধারণ রোগ ব্যাধির চিকিৎসা সেবা প্রদান করেছে, যার ফলাফল নিম্নরূপ-





**(নবজাতক শিশুর স্বাস্থ্য সেবা প্রদান)** **(গর্ভবতী মাদের এএনসি ও পিএনসি সেবা প্রদান)**

টেবিল-০২ঃ স্বাস্থ্য ও পপ বিষয়ক কার্যক্রমের বিবরণ

| ক্রমিক | প্রোগ্রাম/ কার্যক্রম | লক্ষমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ১ | বিনা মূল্যেসাধারণ রোগ ব্যাধির জন্য ঔষধ প্রদান | ১২০০ জন | ১২৪০ জন |
| ২ | গর্ভবতী মাদের এএনসি, পিএনসি | ২৫০ জন | ১৫৫ জন |
| ৩ | সাধারণ রোগ ব্যধির জন্য চিকিৎসা সেবা প্রদান | ৪৫০ জন | ৩২০ জন |

| | | | |
|---|---|---|---|
| ৪ | নবজাতক শিশুর ৭২ ঘন্টার মধ্যে চিকিৎসা সেবা প্রদান | ১২০ নবজাতক | ৮৪ নবজাতক |
| ৫ | উন্নত চিকিৎসার জন্য উপজেলা ও জেলা হাসপাতালে প্রেরন | ২০ জন | ২০ জন |
| - | মোট চিকিৎসা সেবা | **২০৪০ জন** | **১৭১৯ জন** |





**(আয় বৃদ্ধিমূলক মূলক নার্সারী কার্যক্রম)** **(গরম্ন মোটাতাজা করণ আয়বৃদ্ধি মূলক কার্যক্রম)**

## সেমিনার, ওয়ার্কশপ, প্রশিড়্গণ কার্যক্রম

এইচডিপিএস বিভিন্ন কার্যক্রমের মধ্যে দলীয় সদস্য/ সদস্যাদের দক্ষতা উন্নয়ন কার্যক্রম একটি উলেস্নখযোগ্য কার্যক্রম, যা কর্মী এবং মাঠ পর্যায়ে ওয়ার্কশপ, সেমিনার, প্রশিড়্গণ পরিচালনার মাধ্যমে করা হয়ে থাকে। ২০২২-২০২৩ অর্থ বছরে নিম্ন লিখিত কার্যক্রম পরিচালনা করা হয়েছে-

টেবিল-০৩ঃ আয় বৃদ্ধিমূলক প্রকল্প

| ক্রমিক | পোগ্রাম/ কার্যক্রম | লক্ষমাত্রা | অর্জন | প্রাপ্ত ফলাফল |
|---|---|---|---|---|
| ১ | মানবাধিকার বিষয়ক সেমিনার | ৩ টি | ৩ টি | ৭৪ জন নারী ও পুরম্নষ অংশ গ্রহন করেছে। |
| ২ | মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক ওয়ার্কশপ | ২ টি | ২ টি | ৪৮ জন নারী ও পুরম্নষ অংশ গ্রহন করেছে। |
| ৩ | পিআরএ বিষয়ক মৌলিক প্রশিড়্গণ | ১ টি | ১ টি | বিভিন্ন প্রতিষ্ঠানের ২২ জন কর্মী অংশ গ্রহন করেছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| - | মোট | ৬ টি | ৬ টি | ১২২ জন গ্রম্নপ সদস্য/ সদস্যা সেমিনার, ওয়ার্কশপে এবং এইচডিপিএস এর কর্মী সহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী পিআরএ মৌলিক প্রশিড়্গণে অংশ গ্রহন করেছে। |





(গ্রাম ও অফিস পর্যায়ে সেমিনার ও প্রশিড়্গণ)

## কর্ম এলাকা ও উপকারভোগী ঃ

**এইচডিপিএস** মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার মোট ১৮ ইউনিয়নের ১৩০ টি গ্রামে বিভিন্ন প্রকল্প ভিত্তিক কার্যক্রম পরিচালনা করে চলছে। এ পর্যন্ত্ম ৩১২২ টি পরিবার বিভিন্ন কার্যক্রমে আওতাভূক্ত হয়েছে।



## গ্রাম পর্যায়ে প্রভাব ও ফলাফল

কর্ম এলাকার জনগোষ্ঠীর সরাসরি অংশ গ্রহনে **এইচডিপিএস** যে কার্যক্রম গুলি পরিচালিত করেছে তা হতে বিভিন্ন পর্যায়ে ইতিবাচক পরিবর্তনে ঘটেছে এবং আশাপ্রদ ফলাফল সৃষ্টি হয়েছে। যা নিম্নরূপ-

১. পুরুষ ও মহিলা সমিতির ৮৫% সদস্য/সদস্যা তাদের আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডের জন্য তাদের সঞ্চয়কেই ব্যবহার করছে, যাতে তাদেরকে এখন আর গ্রামের অবস্থাপন্ন মানুষের নিকট হতে অতিমাত্রায় সুদে অর্থ নিতে হয় না। পাশাপাশি তাদেরকে ঐ সকল মানুষের বিভিন্ন অনৈতিক আচার-আচরন সহ্য করতে হয় না ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে।

২. ৮০% সমিতি (পুরুষ ও মহিলা) তাদের উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে আত্মনির্ভর হয়েছে যাতে তাদের উন্নয়নে বিভিন্ন প্রতিষ্ঠানের মুখোপেক্ষা থাকতে হচ্ছে না ।

৩. ৯০% সমিতির নেতারা নিজেরাই তাদের দ্বন্দ্ব মিমাংশা করতে সক্ষম।

৪. **এইচডিপিএস** কর্মএলাকার ৩৫% দরিদ্র ও হতদরিদ্র পরিবার বিনামূল্যে স্বাস্থ্য সেবা গ্রহন করায় দারিদ্রতা হ্রাস পেয়েছে।


৫. **এইচডিপিএস** কর্ম এলাকায় ৭২% পরিবার স্বাস্থ্য সম্মত পায়খানার আওতাভূক্ত হয়েছে।

৬. ৩২৪ জন দরিদ্র মহিলা ও পুরুষ তাদের পরিবারের বাড়তি উপার্জনের লক্ষে ঋণ সহায়তা গ্রহন করে স্বাবলম্বী হয়েছে।

## কর্মী কর্মকর্তার বিবরণঃ

| ক্রমিক | কর্মীর ধরণ | সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | মহিলা | পুরুষ | মোট |
| ১. | ব্যবস্থাপনা পর্যায় | ১ | ৩ | ৪ |
| ২. | মাঠ পর্যায় | ১ | ৪ | ৫ |
| ৩. | সার্ভিস স্টাফ | ০ | ১ | ১ |
| | মোট | ৪ | ৬ | ১০ |

# Organogram


General council
Executive committee
Executive Director Committee
Central Coordinator
Trainer
Unit Manger
Account Officer
Field Supervisor
Field Organizer
Messenger/ Night Guard